



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০৪.০০০০.১২৯.১৪৩.১৯- ৪৮২

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
১১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ


**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ২.৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: ট্রাস্টের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ অনুযায়ী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ২.৩ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করা হয়েছে এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য প্রস্তুত করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার ২০২১-২২ অর্থবছরের জুলাই ও আগস্ট মাসে অনলাইন ও অফলাইনে কোন অভিযোগ না থাকায় শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়। ২০২১-২২ অর্থবছরের সেপ্টেম্বর মাসে সরাসরি/পত্র বা দরখাস্তযোগে কোন অভিযোগ পাওয়া যায়নি। অনলাইনে [www.grs.gov.bd](http://www.grs.gov.bd) ওয়েবসাইট হতে প্রাপ্ত মোট অভিযোগের সংখ্যা ২০ টি যার মধ্যে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা নিজ দপ্তরের ১০টি এবং অন্য দপ্তরে প্রেরিত অভিযোগের সংখ্যা ৪টিসহ সর্বমোট (১০+৪)=১৪টি। এক্ষেত্রে ১ম ত্রৈমাসিকে অভিযোগ নিষ্পত্তির হার ৭০%। চলমান অভিযোগের সংখ্যা (নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি ১টি এবং নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে ৫টি) সর্বমোট ৬টি। অভিযোগ প্রতিকার ব্যবস্থার জুলাই ২০২১ থেকে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনটি ট্রাস্টের ওয়েবসাইট [www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd) এর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবা বক্স এর মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক/অগ্রগতি প্রতিবেদন লিংক হতে পাওয়া যাবে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃ: আ: উপসচিব (সংসদ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ]

  
(নাসরীন আফরোজ)  
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ০২-৮১৯২২০০, ৫৫০০০৪২৩  
ই-মেইল: [md@pmeat.gov.bd](mailto:md@pmeat.gov.bd)